

বলাৎকারের অভিযোগে মাদ্রাসার প্রিন্সিপালকে মারধর করেছে ছাত্ররা

সিরাজগঞ্জ প্রতিনিধি : একটি ফাজিল মাদ্রাসার প্রিন্সিপাল একই মাদ্রাসার এক ছাত্রকে বলাৎকার করেছে। ছাত্রটি উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ করার পর তিনি কোনো ব্যবস্থা না নিলে বিক্ষুব্ধ ছাত্ররা প্রিন্সিপাল মোঃ আবু হানিফাকে প্রহার করে। প্রিন্সিপাল এজন্য থানায় ছাত্রদের নামে একটি সাধারণ ডায়েরি করেছেন।

শাহজাদপুর উপজেলার কাইসা কোলা গ্রামের সুরিষাকোল-মশিপুর ফাজিল মাদ্রাসার দাখিল (এসএসসি) ক্লাসের ছাত্র শাহাদত হোসেনকে মাদ্রাসার প্রিন্সিপাল আবু হানিফা বলাৎকার করেন। শাহাদাত উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে অভিযোগ করার পর কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। ৩০ মার্চ বিক্ষুব্ধ ছাত্ররা প্রিন্সিপালকে মাদ্রাসায় প্রহার করে। ২ এপ্রিল মাদ্রাসার পরিচালনা বোর্ডের সভায়ও কোনো সুরাহা হয়নি।

গত ১৮ এপ্রিল মাদ্রাসাটি পরিদর্শনকালে দেখা যায়, মাদ্রাসার অধিকাংশ আবাসিক ছাত্রকে তাদের অভিভাবকরা ফিরিয়ে নিয়ে গেছেন। আবাসিক হলের নাম প্রকাশ না করার শর্তে ফাজিল (বিএ) ক্লাসের একজন ছাত্র জানান, প্রিন্সিপাল আবু হানিফার বিরুদ্ধে এ ধরনের অভিযোগ অনেক রয়েছে।

জানা গেছে, সাঁথিয়া উপজেলার আমোশ গ্রামের এ প্রিন্সিপাল ইতিপূর্বে জামালপুর জেলা ও সিরাজগঞ্জ আলিয়া মাদ্রাসার ছাত্রদের হাতে প্রহৃত হয়েছেন।